অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

এবি এপারেলস লিমিটেড

একর্ড আইডিঃ ১২৫৮৯

ঠিকানাঃ ২২৫, সিংগাইর রোড, হেমায়েতপুর, সাভার।

অন্যান্য ফ্যাক্টরিঃ নেই।

ACCORD on Fire and Building Safety in Bangladesh

পরিদর্শকঃ মোঃ মাহমুদুর রহমান ও সুস্মিতা সাহা।

তারিখঃ ৯ নভেম্বর ,২০১৬

অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদন

সারসংক্ষেপঃ

০৯ নভেম্বর ২০১৬ তারিখে একর্ড পরিদর্শক দল এবি এপারেলস লিমিটেড কমপ্লেক্স এর অগ্নি নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করে । এই প্রতিবেদনে পরিদর্শনকালীন সময়ের গুরুত্বপূর্ণ ত্রুটিসমূহ চিহ্নিত করা হয়েছে।

গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়গুলো চিহ্নিত করে এর ভিত্তিতে একর্ড দ্বারা নির্ধারিত মান অনুযায়ী পর্যবেক্ষণগুলো সমাধানের সুপারিশ করাই ছিল এই পরিদর্শনের উদ্দেশ্য । এই প্রাথমিক পরিদর্শনটি মূলতঃ পর্যালোচনা ও গুরুত্বপূর্ণ অগ্নি নিরাপত্তার বিষয়সমূহ চিহ্নিতকরণে সীমাবদ্ধ ছিল । এই পরিদর্শনে ছোটখাটো সমস্যাগুলোকে চিহ্নিত করা হয়নি , যা পরবর্তী ফলো-আপ পরিদর্শনে চিহ্নিত করা হবে।

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়া হয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।

সীমাবদ্ধতাঃ

এই অগ্নি নিরাপত্তা পরিদর্শন প্রতিবেদনের তথ্যসমূহ ফ্যাক্টরি কর্তৃপক্ষের সাথে কথোপকথনে ও জিজ্ঞাসাবাদ হতে প্রাপ্ত। প্রতিটি তথ্য ও উপাত্তের আলাদা যাচাই বাছাই বা সত্যতা নিরূপণ সম্ভবপর না হওয়ায় পরিদর্শনের সময়ে সংগৃহীত ও প্রাপ্ত তথ্যের কারণে কোন ত্রুটি বিচ্যুতি বা কোন তথ্যের অনুপস্থিতির দায়ভার একর্ডের নয়।

উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ কোন সরকারি নীতিমালার সপক্ষে অঙ্গীকার পত্র, প্রমাণ বা সনদ নয়। তাছাড়া এই প্রতিবেদনের পর্যবেক্ষণ বা সুপারিশসমূহ ব্যতীত অন্য কোন ঝুঁকি বা বিপদের আশংকা নেই, তাও নির্দেশিত নয়। কারখানার মালিকগণকে কোন বিশেষ প্রকল্পের আবশ্যিক শর্ত, শিল্প মান, অথবা স্থানীয় সরকারের নীতিমালার শর্ত পূরণের অঙ্গীকার থেকেও এই প্রতিবেদনে উল্লেখিত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ অব্যাহতি দেয় না।

ACCORD on Fire and Building Safety in Bangladesh

পর্যবেক্ষণ ও সুপারিশসমূহঃ

পরিদর্শনকালীন সময়ে অগ্নি নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণগুলো টেবিল নং ১ এ সারসংক্ষেপ করে দেওয়াহয়েছে। প্রতিটি পর্যবেক্ষণ এর জন্য যথাযথ সুপারিশ প্রদান করা হয়েছে।প্রতিটি সমস্যা সমাধানের জন্য ফ্যাক্টরি কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করবে । এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়সীমা এবং নকশা বা নির্মাণ সংক্রান্ত জটিলতার জন্য প্রয়োজনীয় অতিরিক্ত সময়সীমা অনুমোদনের জন্য একর্ডের কাছে জমা দিতে হবে।

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
১	অগ্নি সহনশীল নির্মাণ	প্রতি ফ্লোরে কাজের জায়গা ও ভবনের অন্যান্য স্থান থেকে নির্গমন সিঁড়িটি অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়।	নির্গমন সিঁড়িকে ভবনের কাজের জায়গা ও অন্যান্য স্থান থেকে ন্যুনতম ২ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল করে আলাদা করতে হবে। ন্যূনতম ১.৫ ঘণ্টা স্থায়ী অগ্নি-সহনশীল দরজা স্থাপন করতে হবে এবং সকল খোলা জায়গা ও যেকোন ধরণের ছিদ্রকে অগ্নি পৃথকীকরণের জন্য সিল করে সুরক্ষিত করতে হবে। প্রোডাকশন ফ্লোরের অগ্নি নিরাপদ দরজাগুলো যেন নিজ থেকে বন্ধ হয় এবং তাতে পজিটিভ ল্যাচিং ও প্যানিক হার্ডওয়ার থাকে তা নিশ্চিত করুন। অগ্নি নিরাপদ দরজাগুলো যদি কাজের কারণে খোলা রাখতেই হয় , তাহলে অটোমেটিক ক্লোজিং ডিভাইসের ব্যবস্থা করুন যা ফায়ার এলার্ম ব্যবস্থার সাথে সংযুক্ত।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
২	অগ্নি সহনশীল নির্মাণ	দাহ্য পদার্থ মজুদের রুমগুলো অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়। স্থানঃ ৩য় ও ৫ম তলা।	শুধুমাত্র মজুদের জন্য আলাদা ঘরগুলোকে অবশ্যই ন্যূনতম ১ ঘন্টা স্থায়ী অগ্নি-সহনশীল নির্মাণ সামগ্রী দিয়ে পৃথক করতে হবে। নির্গমন সিঁড়ির সাথে ফায়ার ডোরের সংযোগ থাকলে তা ফায়ার এলার্ম ব্যবস্থার সাথে সংযুক্ত করুন।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৩	অগ্নি সহনশীল নির্মাণ	ফ্যাক্টরিতে উন্মুক্ত দাহ্য পদার্থ মজুদের জায়গা নির্দিষ্ট করা নয় এবং/অথবা সীমাবদ্ধ করা নয়।	শুধুমাত্র মজুদের জন্য পৃথক জায়গা নির্দিষ্ট করে দিতে হবে এবং তার জন্য নিম্নোক্ত শর্ত প্রযোজ্য হবেঃ - সর্বোচ্চ উচ্চতা হবে ২.৪৫ মিটার (৮ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ২৩ বর্গমিটার (২৫০ বর্গফুট)। - স্প্রিঙ্কলারের ব্যবস্থা থাকলে সর্বোচ্চ উচ্চতা হবে ৩.৬৬ মিটার (১২ ফিট) এবং সর্বোচ্চ ক্ষেত্রফল হবে ৯৩ বর্গমিটার (বর্গফুট)। অন্যান্য সকল স্থান ও অরক্ষিত দাহ্য পদার্থ মজুদের স্থানের মাঝে ন্যূনতম ৩ মিটার (১০ ফিট) ফাঁকা জায়গা থাকতে হবে।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৪	অগ্নি সহনশীল নির্মাণ	ট্রান্সফর্মার আশপাশের জায়গা থেকে অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়। স্থানঃ নীচতলায় দক্ষিণ দিকের সিঁড়ির পাশে।	ট্রান্সফর্মার অন্তত ২ ঘন্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী (দেয়াল, ছাদ, মেঝে) দ্বারা পৃথক করুন। প্রয়োজনীয় অগ্নি পৃথকীকরণের জন্য সকল খোলা জায়গা এবং ছিদ্র ও গর্তসমূহ (দরজা, জানালা ইত্যাদি) সিল করুন। বায়ু চলাচলের সকল ব্যবস্থা ভবনের বাইরে নিরাপদ স্থানে উন্মুক্ত হওয়া প্রয়োজন। জেনারেটর ও বা ট্রান্সফর্মার রুম ভবনের বাইরে অবস্থিত হলে ভবন থেকে অন্ততপক্ষে ৩ মিটার (১০ ফিট) দূরত্বে থাকতে হবে।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৫	অগ্নি সহনশীল নির্মাণ	সমাবেশ স্থল (ডাইনিং, ট্রেইনিং ইত্যাদি) আশপাশের জায়গা থেকে অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করা নয়। স্থানঃ ৬ষ্ঠ তলা।	সমাবেশ স্থল (ডাইনিং, ট্রেইনিং ইত্যাদি) আশপাশের জায়গা থেকে ২ ঘণ্টা স্থায়ী অগ্নি সহনশীল নির্মাণ সামগ্রী দ্বারা পৃথক করুন। এবং নির্গমন সিঁড়ির সাথে সরাসরি সংযোগ দিন।	৩ মাস	

ACCORD on Fire and Building Safety in Bangladesh

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৬	অগ্নি সহনশীল নির্মাণ	নির্গমন সিঁড়ির দেয়ালের খোলা জায়গা যেমন জানালা , দরজা বা অন্যান্য ছিদ্রগুলো অরক্ষিত এবং সিল করা নয়।	অগ্নি পৃথকীকরণের জন্য নির্গমন সিঁড়ির সকল ছিদ্র ও খোলা জায়গা যেমন জানালা, দরজা ইত্যাদি সিল করতে হবে।	৩ মাস	
৭	ফায়ার এলার্ম ও সনাক্তকরণ ব্যবস্থা	ফায়ার এলার্ম ব্যবস্থাটি প্রাচীন, যা এনএফপিএ লিস্টে নেই। গ্রহণযোগ্য মান অনুযায়ী সংকেত দিতে ও সতর্ক করতে এটি ব্যর্থ।	ফায়ার এলার্মটি পরিবর্তন করে এনএফপিএ ৭২ এবং একর্ড মান অনুযায়ী লিস্টে আছে এমন একটি নতুন স্বয়ংক্রিয় এলার্ম এর ব্যবস্থা করুন।	২ মাসের মাঝে নকশা প্রণয়ন, ৯ মাসের মাঝে বাস্তবায়ন।	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
৮	ফায়ার এলার্ম ও সনাক্তকরণ ব্যবস্থা	ফায়ার এলার্ম ব্যবস্থাটি ম্যানুয়াল স্টেশন দ্বারা সক্রিয় করা হলে স্বয়ংক্রিয় ভাবে পুরো ভবনে নয় , কেবল একটি ফ্লোরের(যে ফ্লোরে এলার্ম আছে) ব্যবহারকারীদের সংকেত প্রদান করে।	ফায়ার এলার্ম ব্যবস্থাটিকে পুনর্বিন্যাস করুন যেন যেকোন ম্যানুয়াল ফায়ার এলার্ম স্টেশন সক্রিয় হলেই তা স্বয়ংক্রিয় ভাবে সকল ফ্লোরে সংকেত দিতে শুরু করে যেন পুরো ভবনের ব্যবহারকারীদের নিরাপদে অপসারণের ব্যবস্থা করা যায়।	৬ মাস	
৯	ফায়ার এলার্ম ও সনাক্তকরণ ব্যবস্থা	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্মের পরিদর্শন , যাচাই ও রক্ষণাবেক্ষণ করা হয়না।	এনএফপিএ ৭২ অনুযায়ী ফায়ার এলার্ম ব্যবস্থাটি পরিদর্শন , যাচাই ও রক্ষণাবেক্ষণ করুন এবং সাইটেই তার লিখিত রেকর্ড রাখুন।	৩ মাস	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
১০	অগ্নি প্রতিরোধমূলক ব্যবস্থা	২৩ মিটার (৭৫ফিট) এর বেশি উচ্চতায় বহুতল ভবনটির ব্যবহারের অধীন ফ্লোর আছে এবং এ ভবনে কোন স্বয়ংক্রিয় স্প্রিঙ্কলার ব্যবস্থা নেই। ভবনটির ব্যবহারকারীর সংখ্যা ও জ্বালানী ব্যবহারের এই বিশাল ভার এবং বহির্গমনের জন্য প্রয়োজনীয় দীর্ঘ সময় একটি সুরক্ষিত স্প্রিঙ্কলার ব্যবস্থার দাবী করে।	এনএফপিএ ১৩ এবং একর্ডের মান অনুযায়ী পুরো ভবনে স্বয়ংক্রিয় স্প্রিঙ্কলার ব্যবস্থা গ্রহণ করুন।	২ মাসের মাঝে নকশা প্রণয়ন, ১২ মাসের মাঝে বাস্তবায়ন।	

ক্রমিক নং	বিভাগ	পর্যবেক্ষণ	প্রয়োজনীয় পদক্ষেপ	বাস্তবায়নের সময়সীমা	চিত্রগত প্রমাণ
১১	বহির্গমন পথে আলোর ব্যবস্থা	(জরুরি বৈদ্যুতিক বাতি / এক্সিট সাইন) এর জন্য ম্যানুয়াল অন-অফ সুইচ এর ব্যবস্থা রয়েছে।	(জরুরি বৈদ্যুতিক বাতি / এক্সিট সাইন) এর ম্যানুয়াল অন-অফ সুইচ অপসারণ করুন যেন কেউ ইচ্ছেমত তাদের বন্ধ না করতে পারে।	১ মাস	